

নং- ৩৫.০৩.০০০০.০২.৩২.০০৬.২০১৭-১৯০৭

তারিখ: ১০/০৪/২০১৯খ্রি:।

বিষয়ঃ দিনাজপুর জেলার বীরগঞ্জ পৌরসভার মেয়রের শূণ্য পদে সাধারণ নির্বাচনের ভোটগ্রহণের দিন এবং তার আগে ও পরে কতিপয় যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ সংক্রান্ত

বিজ্ঞপ্তি

০৭/০৪/২০১৯ খ্রিস্টাব্দের সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এর স্মারক নং ১৬২ এর প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত সময়সূচি অনুসারে দিনাজপুর জেলার বীরগঞ্জ পৌরসভার মেয়রের শূণ্য পদে সাধারণ নির্বাচন আগামী ১৫ এপ্রিল ২০১৯ তারিখে অনুষ্ঠিত হবে। এ পরিপ্রেক্ষিতে ১৯৮৩ সালের মোটর ভেহিক্যালস অধ্যাদেশ (১৯৮৩ সালের ৫৫ নম্বর অধ্যাদেশ)- এর ৮৮ ধারা অনুযায়ী পৌরসভার মেয়রের শূণ্য পদে নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ১৪ এপ্রিল ২০১৯ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে ১৫ এপ্রিল ২০১৯ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নির্দেশক্রমে নিষেধাজ্ঞা আরোপ করা হলোঃ

- | | | |
|--|------------|--|
| (১) বেবী ট্যাক্সি/ অটোরিক্সা/ ইজি বাইক | (৫) পিক আপ | (৯) টেম্পো |
| (২) ট্যাক্সি ক্যাব | (৬) কার | (১০) ইজিবাইক এবং স্থানীয় পর্যায়ের
বিভিন্ন যন্ত্রচালিত যানবাহন |
| (৩) মাইক্রোবাস | (৭) বাস | |
| (৪) জিপ | (৮) ট্রাক | |

০২. এছাড়া, ১৩ এপ্রিল ২০১৯ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে ১৬ এপ্রিল ২০১৯ তারিখ মধ্যরাত পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা বলবৎ থাকবে।

০৩. এ নিষেধাজ্ঞা সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাদের নির্বাচনী এজেন্ট, দেশী/বিদেশি পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। তাছাড়া, নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশী/বিদেশি সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে), নির্বাচনী কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরি কাজে যেমন- এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত যানবাহন চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। এছাড়া, জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ও জরুরি পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরি প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এরূপ নিষেধাজ্ঞা শিথিল করতে পারবেন।

০৪. উল্লিখিত নির্দেশনা বাস্তবায়নে কার্যকরী পদক্ষেপের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-

পরিচালক (এনফোর্সমেন্ট)

যুগ্ম সচিব

বিআরটিএ, সদর কার্যালয়, ঢাকা

ফোনঃ ৫৮১৫৪৭০১

অনুলিপি কার্যার্থে/জ্ঞাতার্থেঃ

- (১) বিভাগীয় কমিশনার, রংপুর।
- (২) উপ-মহা পুলিশ পরিদর্শক, রংপুর রেঞ্জ।
- (৩) জেলা প্রশাসক, রংপুর।
- (৪) পুলিশ সুপার, রংপুর।
- (৫) উপ-সচিব, নির্বাচন পরিচালনা-২ অধিশাখা, বাংলাদেশ নির্বাচন কমিশন, নির্বাচন কমিশন সচিবালয়।
- (৬) সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- (৭) উপপরিচালক (ইঞ্জিঃ), বিআরটিএ, বিভাগীয় কার্যালয়, রংপুর।
- (৮) প্রোগ্রামার, বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি, বনানী, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- (৯) সহকারী পরিচালক, (ইঞ্জিঃ), বিআরটিএ, রংপুর।